



গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ
গাজীপুর।

স্মারক নংঃ ২৫.৫৭.৩৩.০০.০০২.০৫.০০২.২৫ - ২২৫-৩২৭।

তারিখঃ ৩১ আষাঢ় ১৪৩২
২৫ জুলাই ২০২৫

গণবিজ্ঞপ্তি

এই মর্মে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ এর ধারা ৫(১) অনুযায়ী গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের অধিভুক্ত এলাকায় গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের নিবন্ধন ব্যতীত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক আবাসিক বা প্রাতিষ্ঠানিক বা শিল্প প্লটের উন্নয়ন ও বরাদ্দ

এবং

রিয়েল এস্টেট নির্মাণ, ক্রয়-বিক্রয়, বরাদ্দ ইত্যাদি জন্য প্রকল্প গ্রহণ

এবং

বেসরকারি উদ্যোগে অথবা সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে কিংবা বিদেশি অর্থায়নে রিয়েল এস্টেট প্লট অথবা এপার্টমেন্ট বা ফ্ল্যাট বা শিল্প বা বাণিজ্যিক প্লট বা প্রাতিষ্ঠানিক বা মিশ্র স্পেস জাতীয় স্থাবর ভূ-সম্পত্তির উন্নয়ন, ক্রয়-বিক্রয় নিয়ন্ত্রণ, বরাদ্দ, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ

সম্পূর্ণরূপে নিষিদ্ধ এবং উপরে বর্ণিত আইনের ১৯ ও ২০ ধারা মতে শাস্তিযোগ্য অপরাধ এবং এই অপরাধে অনুর্ধ্ব দুই বছরের কারাদণ্ড ও ১০ লক্ষ টাকা জরিমানা কিংবা উভয় দণ্ড হতে পারে।

এমতাবস্থায়, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন অধিক্ষেত্রভুক্ত এলাকায় নিবন্ধন গ্রহণ ব্যতিরেকে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উপরে বর্ণিত কার্যাবলি হতে বিরত থাকতে অনুরোধ করা হলো।


২৫-৭-২৫
(মোঃ মোস্তাফিজুর রহমান)
সচিব

গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।